দৈনিক ইত্তেফাক

তারিখ 02 SEP 1992
পৃষ্ঠা ১ কলাম ৭

৯৪

# শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত করিতে শিক্ষার্থীদের দায়িত্ব পালন করিতে হইবে ............ শেখ হাসিনা

ইত্তেফাক রিপোর্ট ॥ আওয়ামী লীগ সভানেত্রী ও বিরোধী-দলীয় নেত্রী শেখ হাসিনা লেখা-পড়ার পাশাপাশি শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার ক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য ছাত্রলীগ কর্মীসহ সকল শিক্ষার্থীর প্রতি আহ্বান জানাইয়াছেন। তিনি বলেন, দেশের সমগ্র শিক্ষাঙ্গন আজ সন্ত্রাসীদের হাতে জিম্মী। ক্ষমতাসীনদের স্বৈরাচারী ভাবধারায় দেশশাসন দেশবাসীর আশা-আকাঙ্খাকে নিঃশেষ করিয়া

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শেখ হাসিনা

(১ম পৃঃ পর)

দিতেছে।

গতকাল (মঙ্গলবার) বঙ্গবন্ধু এভিনিউস্থ কার্যালয়ে বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই) জাতীয় কার্যকরী সংসদের সাধারণ সভায় প্রধান অতিথির ভাষণে শেখ হাসিনা দেশ ও জাতির এই সংকটময় মুহূর্তে জনকল্যাণমুখী সামাজিক দায়িত্ব পালনের লক্ষ্যে ছাত্রলীগকে বঙ্গবন্ধুর আদর্শে সুদৃঢ় ভিত্তির উপর গড়িয়া তোলার এবং দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবার সংগ্রামে দায়িত্ব পালনের আহ্বান জানান।

ছাত্রলীগ সভাপতি মইনুদ্দিন হাসান চৌধুরীর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন আওয়ামী লীগ নেতা ও বিরোধী-দলীয় উপনেতা আবদুস সামাদ আজাদ, আবদুল মান্নান, আবদুল মমিন, কামরুজ্জামান, জিল্লুর রহমান, বেগম সাজেদা চৌধুরী এমপি, আমির হোসেন আমু, আবদুল জলিল ও ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইকবালুর রহিম।

সভাপতির ভাষণে ছাত্রলীগ সভাপতি মইনুদ্দিন হাসান চৌধুরী যে কোন মূল্যে সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন গড়িয়া তোলায় ছাত্রলীগের ভূমিকার উল্লেখ করিয়া বলেন, এ লক্ষ্যে ছাত্র সমাজসহ সমাজজীবনের সর্বস্তরের জনগণের সহযোগিতা প্রয়োজন।